সূত্র নং-বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৫৬

তারিখ : ১৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: স্টক এক্সচেঞ্জ প্লাটফর্মে সরকারী সিকিউরিটিজ (টি-বন্ড এবং টি-বিল) লেনদেন প্রসঙ্গে।

অদ্য ৩০ডিসেম্বর, ২০১৯ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বোর্ড রুমে ত্রি-পক্ষীয় কমিটি কর্তৃক স্টক এক্সচেঞ্জ প্লাটফর্মে সরকারী সিকিউরিটিজ লেনদেন সংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনের চেয়ারম্যান মহোদয়ের নিকট হস্তান্তর করেন এবং প্রতিবেদনটির উপর একটি ধারণা উপস্থাপন করা হয়। উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন কমিশনের কমিশনারগণ, নির্বাহী পরিচালকবৃন্দ ও কমিটির সদস্যবৃন্দ।

উক্ত সভায় বিএসইসির চেয়ারম্যান সকল শ্রেণীর বিনিয়োগকারীদের বিস্তৃত অংশগ্রহণকে উৎসাহিত করার লক্ষ্যে খুব দ্রুত সেকেন্ডারী প্লাটফর্মে সরকারী সিকিউরিটি লেনদেনের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি এ প্রতিবেদনে এক্সচেঞ্জগুলোতে সরকারী সিকিউরিটিজ লেনদেনের বিভিন্ন সম্ভাব্যতা তুলে ধরা হয়, যা দ্বারা দেশব্যাপী স্ক্রীন ভিত্তিক স্বয়ংক্রিয় ট্রেডিং প্লাটফর্মের মাধ্যমে সকল শ্রেণীর বিনিয়োগকারী তথ্যভিত্তিক লেনদেনের সুবিধ পাবে। যা সরকারী সিকিউরিটিজ প্রাণবন্ত (Vibrant) সেকেন্ডারী মার্কেটের মাধ্যমে সরকারী সিকিউরিটিজের যথাযথ মূল্য নির্ধারণে সহায়তা করবে এবং সরকারের ঋণ গ্রহণের সুদ (Cost of Borrowing) কমে যাবে। এছাড়াও, পুঁজিবাজারে (Capital Marker) সরকারী ফিক্সড ইনকাম (Fixed Income) সিকিউরিটিজ সূচনার মাধ্যমে পণ্যের বৈচিত্রকরণের সুযোগ সৃষ্টি হবে।

উল্লেখ্য, কমিশনের উদ্যোগে গত ১৩ নভেম্বর, ২০১৯ তারিখে জনাব মোহাম্মদ খুরশীদ আলম, মহাব্যবস্থাপক, ডেট্ ম্যানেজমেন্ট, বাংলাদেশ ব্যাংক নেতৃত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ ব্যাংক ও ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এর কর্মকর্তাদের সমন্বয়ে ৯ সদস্যের একটি ত্রিপক্ষীয় কমিটি গঠন করা হয়েছিল।

30-12-19
মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক



